গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি<br>মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| তারিখ ও সময় | : | ৩০ ডিসেম্বর ২০২৪, সকাল ১০:৩০ মিনিট |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভায় উপস্থিত অংশীজনদের সাথে পরিচিত হন এবং সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২ প্রণয়নের মূল লক্ষ্যই হচ্ছে-শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এক্ষেত্রে তিনি ত্রৈমাসিক ভিত্তিতে অংশীজনের অংশগ্রহণে সভা করে প্রাপ্ত মতামত বিশ্লেষণের মাধ্যমে জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার প্রত্যয় ব্যক্ত করেন।

২. তিনি আরো বলেন, এ ধরণের সভার মূল উদ্দেশ্য হলো অধিদপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাগণকে সেবাসমূহ যথাযথভাবে প্রদান করা হচ্ছে কিনা-সে বিষয়ে অংশীজনের বক্তব্য শ্রবণ এবং তৎপ্রেক্ষিতে সেবা সহজীকরণ। সেবা সহজীকরণের ক্ষেত্রে সেবাটি যেন সিটিজেন চার্টার অনুযায়ী জনবান্ধব হয়, সেবাটি কোথায় বাধাগ্রস্ত হচ্ছে তা খতিয়ে দেখা এবং এর সমাধান করা।

৩. অত:পর সভাপতি উপস্থিত অংশীজনদের স্ব স্ব পরিচয় ব্যক্ত করে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় অংশীজনের বক্তব্য নিম্নরূপভাবে আলোচনা/পর্যালোচনা করা হয় :

| ক্রম | অংশীজনের বক্তব্য | অধিদপ্তরের বক্তব্য |
|---|---|---|
| ১ | ওমেগা পয়েন্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র প্রতিনিধি বলেন, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রাপ্তির জন্য যথাযথ প্রক্রিয়ায় এবং যথাসময়ে আবেদন দাখিল করা হয়। উক্ত আবেদনগুলো বিদ্যমান অনুদান নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সুপারিশের প্রয়োজন হয়। অনেক সময় আবেদনগুলো জেলা প্রশাসকের কার্যালয় হতে সুপারিশ প্রাপ্ত হয়ে আসতে নির্ধারিত সময় অতিক্রান্ত হয়ে যায়। এ বিষয়ে তিনি প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন।<br>মোবাইল আসক্তির বিষয়ে তিনি বলেন, আমরা সাধারণত: মাদকাসক্ত রোগীদের চিকিৎসা প্রদান করে থাকি। সম্প্রতি অনেক রোগী আসে যারা মোবাইল আসক্ত। মোবাইল আসক্তদের চিকিৎসা প্রদানে প্রয়োজনীয় সহযোগিতার বিষয়েও অনুরোধ জানান। | • মহাপরিচালক বলেন, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রাপ্তির আবেদনগুলো যেন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে সুপারিশসহ অধিদপ্তরে প্রেরণ করা হয় সে বিষয়ে অধিদপ্তরের মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হবে।<br>• মহাপরিচালক বলেন, বর্তমান সমাজে সর্বস্তরের মানুষই কম-বেশি মোবাইলে আসক্ত। মোবাইল আসক্তি প্রতিরোধে অভিভাবকদের সচেতনতার পাশাপাশি কনিষ্ঠদের সচেতন করতে হবে। সেক্ষেত্রে চিকিৎসা নিতে আসা রোগী, অভিভাবক ও তাদের স্বজনদেরও এ বিষয়ে কেন্দ্র কর্তৃপক্ষ কর্তৃক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। |
| ২ | আইকন কেয়ার লি: মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের প্রতিনিধি সরকার অনুমোদিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে সরকারের চলমান অনুদান প্রদানের বিষয়ে প্রশংসা করেন। তিনি নতুন অনুমোদন প্রাপ্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোকে চিকিৎসাসেবায় উৎসাহিত করতে ন্যূনতম ৩ বছর প্রতিষ্ঠান পরিচালনার অভিজ্ঞতার শর্তটি নীতিমালায় সংশোধন/পরিবর্তনের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। | মহাপরিচালক বলেন, বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সরকার কর্তৃক লাইসেন্স প্রাপ্তির পর হতে ৩ বছর পর্যন্ত প্রতিষ্ঠানটি যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা, তা সময় সময় পর্যবেক্ষণ ও পরিদর্শন করা হয়। উক্ত সময়ে প্রতিষ্ঠান পরিচালনায় কোন অনিয়ম/অভিযোগ না থাকলে লাইসেন্স প্রাপ্ত কোন প্রতিষ্ঠান অনুদান সংক্রান্ত নীতিমালা অনুযায়ী অনুদান প্রাপ্তির আবেদনের জন্য যোগ্য বিবেচিত হয়ে থাকে। |

| ক্রম | অংশীজনের বক্তব্য | অধিদপ্তরের বক্তব্য |
|---|---|---|
| ৩ | বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন প্রতিনিধি বলেন, মোবাইল আসক্তদের চিকিৎসার বিষয়ে গাইড লাইনে উল্লেখ আছে। তার প্রতিষ্ঠানের রিকভারী এডিক্টদের পুনর্বাসনের জন্য এক সময় অনুদান প্রদান করা হয়। তাতে তারা মূলধারায় না ফিরে পুনরায় আসক্ত হয়ে পড়ে। রিকভারী এডিক্টদের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষ হতে কমপক্ষে ২/৩ বছর ফলোআপে রাখতে হবে। তেমনি অনুদান প্রাপ্তির জন্য একটি প্রতিষ্ঠান পরিচালনার অভিজ্ঞতা না থাকলে ফলাফল আশানুরূপ হবে না।<br>তিনি আরো বলেন, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার জন্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রণীত নীতিমালা, গাইড লাইন ও বিধিবিধান জানতে হবে। এ বিষয়ে বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র কর্তৃপক্ষগণকে অধিদপ্তরের পক্ষ হতে সেমিনার/ওয়ার্কসপ/প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা যেতে পারে। এ বিষয়ে বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন অধিদপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। | মহাপরিচালক বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন প্রতিনিধির সাথে একমত পোষন করে বলেন, বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার নীতিমালা, গাইড লাইন ও বিধিবিধান সম্পর্কে অভিজ্ঞতা অর্জনের জন্য সরকার অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষগণকে অধিদপ্তরের পক্ষ হতে জেলা/বিভাগীয় পর্যায়ে সেমিনার/ওয়ার্কসপ/প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। |
| ৪ | পপুলার ফার্মাসিউটিক্যালস্ প্রতিনিধি বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানীর ক্ষেত্রে বাৎসরিক বরাদ্দকৃত মোট পরিমাণ হতে প্রতি কোটার জন্য পৃথক পৃথক আবেদন করতে হয়। প্রতি কোটার জন্য পৃথক পৃথক আবেদন না করে একবারে আবেদন করলে আমদানী করা সহজ হয় ও সময় সাশ্রয় হয়। তিনি কোটা বৃদ্ধির আবেদনের সাথে আমদানীর পূর্বানুমতির আবেদন একত্রে করা যাবে কিনা-বিবেচনার অনুরোধ জানান। | • মহাপরিচালক বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানীর পূর্বানুমতির জন্য বাৎসরিক কোটা বিভাজন করা হয় গোডাউনের ধারণ ক্ষমতা ও চাহিদার যৌক্তিকতা বিবেচনায়।<br>• অতিরিক্ত মহাপরিচালক বলেন, প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানীর পূর্বানুমতির সময় নির্ধারণ করে ২টি কোটার আবেদন একত্রে করা যেতে পারে। তিনি প্রিকারসর কেমিক্যালস্/সাইকোট্রপিক সাবস্ট্যান্স ব্যবহারকারী সকল ফার্মাসিউটিক্যালস কোম্পানীকে লাইসেন্স গ্রহণের আহবান জানান।<br>• পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, কোটা বৃদ্ধির আবেদনে যৌক্তিকতা ও প্রমাণক না থাকলে আবেদন নিষ্পত্তিতে সময় অপচয় হয়। এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাকে যৌক্তিকতা ও প্রমাণক বিবেচনায় নিয়ে তদন্ত কার্যক্রম সম্পন্ন করার আহবান জানান। |

৪. অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রাপ্তির আবেদনগুলো যেন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে সুপারিশসহ অধিদপ্তরে প্রেরণ করা হয় সে বিষয়ে অধিদপ্তরের মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |
| ৪.২ | বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিচালনার নীতিমালা, গাইড লাইন ও বিধিবিধান সম্পর্কে অভিজ্ঞতা সমৃদ্ধ করার জন্য সরকার অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষগণকে অধিদপ্তরের পক্ষ হতে জেলা/বিভাগীয় পর্যায়ে সেমিনার/ওয়ার্কসপ/প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |

৫. আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৮/২৫

(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১- ২৫১ তারিখ: ২১ জানুয়ারি, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর;
অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৬. উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশন্স/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৭. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৮. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
১০. রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট
১১. সহকারী পরিচালক (প্রশাসন/কমনসার্ভিস/অপারেশনস্/জনসংযোগ/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/অর্থ ও হিসাব/গবেষণা ও প্রকাশনা)/আইন কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২. মহাপরিচালকের স্টাফ অফিসার,মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. অফিস কপি

20/01/2025

(মো: মেহেদী হাসান)
সহকারী পরিচালক (প্রশাসন)